**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ঢাকা।**
**ই-মেইল- cjmcdhaka@gmail.com; ফ্যাক্স নং- ৭১২৪৬৯১**

স্মারক নং- ০১.০০.০০২.০০০০.২০১৭-১৩৫ (১)

তারিখ ঃ- ১৩ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
২৭ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ।

*বিষয়ঃ ম্যাজিস্ট্রেসী এবং পুলিশ সম্মেলন প্রসঙ্গে।*

*সূত্রঃ বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা এর বিজ্ঞপ্তি-৩৮জি, তারিখ ২২/০১/২০১৫খ্রিঃ স্মারক নং ১৬৯৭ জি,তারিখ ২৫/০১/২০১৫ খ্রিঃ*

১। বিচার বিভাগের কার্যক্রম গতিশীল ও গণমুখী করার জন্য ম্যাজিস্ট্রেট ও পুলিশ প্রশাসনের ভূমিকা অপরিসীম। Criminal Ruls and Orders, Volume-1 এর ৪৮১ বিধি অনুযায়ী পুলিশ এবং ম্যাজিস্ট্রেট এর সমন্বয়ে প্রত্যেক মাসে ০১টি করে অধিবেশন অনুষ্ঠান করার বাধ্যবাধকতা রয়েছে। স্ব-স্ব ক্ষেত্রে ম্যাজিস্ট্রেসীর সাথে পুলিশের দায়িত্ব ও কর্তব্য এবং করণীয় বিষয়ে পারস্পরিক মত বিনিময়ের প্রয়োজন রয়েছে।

২। এতদবিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর বিজ্ঞপ্তি ৩৮ জি, তারিখ ২২/০১/২০১৫ খ্রিঃ মূলে মাননীয় প্রধান বিচারপতির অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে যে, " চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ Criminal Ruls and Orders Volume-1 এর ৪৮১ অনুযায়ী প্রত্যেক মাসে অবশ্যই পুলিশ ম্যাজিস্ট্রেসী সম্মেলন এর আয়োজন করবেন। উক্ত সম্মেলন অবশ্যই সাপ্তাহিক ছুটির দিনে (শনিবার) আয়োজন করতে হবে এবং সম্মেলনের কার্যবিবরণী সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার বরাবর প্রেরণ করতে হবে। উক্ত সম্মেলনে বিধিতে বর্ণিত বিচারক ও সংশিষ্ট সকলকে অবশ্যই উপস্থিত থাকতে হবে "।

৩। এতদউদ্দেশ্যে আগামী ০১/০৪/২০১৭ খ্রিঃ তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ঢাকা জেলা জজ আদালতের কনফারেন্স রুমে উক্ত সম্মেলন অনুষ্ঠিত হবে।

৪। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশিষ্ট সবাইকে অনুরোধ করা হলো।

স্বাঃ
*(জেসমিন আরা বেগম)*
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ঢাকা।
২৭/০৩/২০১৭

কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
২। পুলিশ সুপার, ঢাকা।
৩। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা
৪। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কোর্ট নং ১,২ ও ৩, ঢাকা।
৫। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কোর্ট নং ১,২,৩,৪ ও ৫, ঢাকা।
৬। সিভিল সার্জন, ঢাকা।
৭। সিনিয়র জেল সুপার, ঢাকা।
৮। পি.পি, ঢাকা জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা।
৯। সভাপতি/ সাধারন সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা।
১০। সভাপতি/ সাধারন সম্পাদক, ঢাকা মেট্রোপলিটন আইনজীবী সমিতি, ঢাকা।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, কোর্ট রিপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা জজ কোর্ট, ঢাকা।
১২। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, ঢাকা।
১৩। অফিসার ইনচার্জ, আশুলিয়া/নবাবগঞ্জ/সাভার/ধামরাই/দোহার/জিআরপি/কেরানীগঞ্জমডেল/দক্ষিণকেরানীগঞ্জ,ঢাকা।

জ্ঞাতার্থেঃ

১। মাননীয় জেলা ও দায়রা জজ, ঢাকা।
২। অফিস কপি।

*(জেসমিন আরা বেগম)*
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ঢাকা।
ফোনঃ ০২-৯৫৩৪৩০১(অফিস)
২৭/০৩/২০১৭ খ্রিঃ